

B.A Part-III (Honours) Examination, 2020

বাংলা (সামানিক)

পত্র - সপ্তম

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান: ৫০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

**উত্তরপত্র সর্বাধিক তেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে**

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

$8 \times 5 = 20$

- ক) 'কাব্যের আত্মা যা-ই হোক, ওর শরীর হচ্ছে বাক্য-' এই অভিমতটি কাদের? এই বক্তব্যের সপরিক্ষে তাঁরা যে যুক্তি দিয়েছেন তা আলোচনা করো।  
খ) 'সহায়হাদয়সংবাদী' শব্দবন্ধটির অর্থ 'কাব্যজিজ্ঞাসা' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।  
গ) মতিলালবাবু কোথাকার জমিদার ছিলেন? 'অতিথি' গল্পটির নামকরণের সার্থকতা সংক্ষেপে বিচার করো।  
ঘ) 'সেই হইল তাহার ভিক্ষা করিবার হাতেখড়ি'-কোন গল্পে কার কথা বলা হয়েছে? উদ্দীষ্ট ব্যক্তির পূর্ব জীবন সংক্ষেপে বিবৃত করো।  
ঙ) 'পুঁইয়াচা' গল্পের সমাজচিত্র আলোচনা করো। সহায়হারিকে কেন চণ্ডীমণ্ডপে ঢাকা হয়েছিল?  
চ) 'একা শকুন্তলা শকুন্তলার এক ত্তীয়াংশ'- বক্তব্যটির মর্মার্থ ব্যাখ্যা করো। শকুন্তলার দুই ত্তীয়াংশ কারা?

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও:

$3 \times 10 = 30$

- ক) 'কাব্যের ধ্বনি' বলতে আলংকারিকেরা কী বুঝিয়েছেন তা বিশদে আলোচনা করো।  
খ) 'একরাত্রি' গল্পে রামলোচনবাবুর পেশা কী ছিল? গল্পে কোন বারের উল্লেখ আছে? কেন ওই রাত্রিটিকে গল্পকথকের 'তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা' বলে মনে হয়েছে তা আলোচনা করো।  
গ) 'মেঘ ও রৌদ্র' গল্পের সমাজচিত্রের বিবরণ দাও। গল্পটির রচনাস্থান ও প্রকাশকাল উল্লেখ করো।  
ঘ) 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পটির নামকরণের সার্থকতা আলোচনা করো। এই লেখকের অপর দুটি ছোটোগল্পের নাম লেখো।  
ঙ) 'ক্লাইভ স্ট্রিটে চাঁদ' প্রবন্ধের নামকরণের সার্থকতা বিচার করো। এই স্ট্রিটকে ঘিরে যে-কোনো দুটি জীবিকার উল্লেখ করো।